র সে ভ রা, না বি ষে ভ রা?

সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে ফরমালিন নিয়ন্ত্রণ আইন চূড়ান্ত করতে যাচ্ছে সরকার। এই পদক্ষেপকে স্বাগত জানাই। আমি সন্তানের পিতা। এখন আমের মওসুম। কিন্তু এখন পর্যন্ত আমি আমার সন্তানের জন্য আম কিনিনি। কিনতে ভয় হয়। আমের মোড়কে আমি আমার সন্তানদের হাতে বিষ তুলে দিচ্ছি না তো? রাস্তা-ঘাট বাজারে দেখি আকর্ষণীয় সব আম। অনেক সময় নেড়ে-চেড়ে দেখি, কিন্তু কিনতে সাহস পাই না। এই আম রসে ভরা, নাকি বিষে ভরা? আমরা এই ভয় থেকে বেরিয়ে আসতে চাই। এই আইন এবং আইনের বাস্তবায়ন আমাদের স্বস্তি দেবে বলে আশা রাখি।

ইফতেখার হামিদ
ওয়ারী, ঢাকা

অক্সিজেন চাই

প্রচুর লোডশেডিং, বিষ মেশানো দামি খাদ্যদ্রব্য, পানির জন্য হাহাকার, খুন, গুম, অপহরণ, যথেচ্ছ ব্যভিচার, সরকারের মূক, বধির, অন্ধের ভূমিকা, নানা দল-উপদলের চিৎকার সবমিলিয়ে সত্যিই আমরা আধমরা অবস্থায় আছি। কিন্তু এ মুমূর্ষু অবস্থা থেকে সুস্থ হওয়ার মতো এত অক্সিজেন পাব কোথায়?

জান্নাতুল ফেরদৌস
আগ্রাবাদ, চট্টগ্রাম

দেশপ্রেমে উদ্দীপনা প্রয়োজন

সামাজিক উন্নয়ন, শৃঙ্খলা এবং দেশপ্রেম– এসবের মৌলিক ভিত্তি হচ্ছে শিক্ষা। দেশপ্রেম ঈমানের অঙ্গ। জননী ও জন্মভূমি স্বর্গের চেয়েও শ্রেষ্ঠ। ছাত্রজীবন মানবজীবনের বীজ বপনকাল। কাজেই, ছাত্রদেরকে শ্রেণিকক্ষে পাঠ্যবইয়ের পাশাপাশি দেশপ্রেম, প্রজন্মের প্রেরণা এবং সুস্থ জীবনধারার জীবনব্যবস্থা নিয়ে উৎসাহ-উদ্দীপনা দেয়া প্রয়োজন। ছাত্রজীবনে দেশপ্রেমের দীক্ষা পরবর্তী সমাজজীবনে প্রভাব বিস্তার করে। দেশপ্রেমের অগ্নিমন্ত্রে দীক্ষিত হয়ে শিক্ষার্থীরা মানবসেবা ও সভ্যতা বিকাশে এগিয়ে আসতে পারবে।

করুণাময় চক্রবর্তী
জজকোর্ট, হবিগঞ্জ

ফটোগ্রাফি লাইট নয়

শুধু ক্যামেরা ও ক্যামেরা সরঞ্জামের দামই বেশি নয়। ফটোগ্রাফি বিষয়টিও দামি। ক্যামেরা ও ক্যামেরা সরঞ্জামের দাম বোঝে ক্রেতা ও বিক্রেতা। ফটোগ্রাফির দাম বোঝে আলোকচিত্রশিল্পী ও শিল্পবোদ্ধারা। ফটোগ্রাফিতে লাইট (আলো) অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। অনেকে ভুল বোঝে– ফটোগ্রাফিটাকেই তারা লাইট (হালকা) মনে করে বসে। ফটোগ্রাফিকে হালকা করে দেখার দিন শেষ। ফটোগ্রাফি পুরো পৃথিবীকে বদলে দেয়ার ক্ষমতা রাখে।

সুদীপ্ত সালাম
কারওয়ান বাজার, ঢাকা

স্ন্যাপশট

ফুল থেকে ফুলে

ছবি : জায়েদ স্বায়ত্ত, *উত্তরা, ঢাকা*

মারো অথবা মরো

আমি আমার জীবনে যত খারাপ মানুষ দেখেছি তাদের প্রায় সবাই করপোরেট দুনিয়ার বাসিন্দা। করপোরেট দুনিয়ার মানুষগুলো নিজেকে রক্ষা করতে আপনার রক্ত বিক্রি করতেও দ্বিধাবোধ করবে না। নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে চূড়ান্ত নোংরামি করতেও বাধে না তাদের। এর জন্য করপোরেট দুনিয়াও দায়ী। তার অভ্যন্তরীণ সিস্টেমটাই এমন– মারো অথবা মরো। এই সিস্টেমে খাপ খাওয়াতে পারি না আমি ও আপনি, ফলে টিকে থাকা কঠিনতর হয়ে যায়।

নিবারণ চক্রবর্তী
বাসাবো, ঢাকা

বিশ্ববিজ্ঞান বহুদূর

প্রশ্ন : মার্কনিকভের নিয়ম বলতে কী বোঝ?

উত্তর : অপ্রতিসম অসম্পৃক্ত যৌগের সঙ্গে অপ্রতিসম বিকারকের যুত বিক্রিয়ায় বিকারক অণুর ঋণাত্মক অংশ কমসংখ্যক হাইড্রোজেন পরমাণুবিশিষ্ট অসম্পৃক্ত কার্বন পরমাণুযুক্ত পরমাণু হবে– এটিই মার্কনিকভের নিয়ম।

ওপরের উক্তিটি রসায়ন বিজ্ঞানের একটি বইয়ের অংশ। অতিরিক্ত কোনো কিছুই যে ভালো ফল বয়ে আনে না এটি তারই উদাহরণ। বাংলার দোহাই দিয়ে আমরা কোন ধরনের বিজ্ঞানের সঙ্গে আমাদের ছেলে-মেয়েদের পরিচয় করিয়ে দিচ্ছি? এই ভৌতিক বিজ্ঞান শেখা-না শেখা সমান। এসব বাক্য কি বোঝা সম্ভব? এ ধরনের বাক্যগুচ্ছ মুখস্থ করা ছাড়া কোনো গতি আছে কি? আর এই মুখস্থ ও অচেনা পড়া দিয়ে কীভাবে আমরা বিশ্ববিজ্ঞানের সঙ্গে যুক্ত হব?

সেলিম হামিদ খান
শিবপুর, নরসিংদী

চাপ ভাগাভাগি হচ্ছে না

আমার মনে হয়, 'এবারের বিশ্বকাপে তারকাবহুল একমাত্র টিম জার্মানি। তাদের আছে থমাস মুলার, ওজিল, ক্লোজ, ফিলিপ লাম, পোডলস্কির মতো বাঘা বাঘা খেলোয়াড়। তাদের ওপর সমর্থকদের যে ভরসা তা তারা সহজেই ভাগাভাগি করে নিতে পারে। বর্তমানে ব্রাজিল ও আর্জেন্টিনার মতো দলের বেলায় তা হচ্ছে না। সব চাপ গিয়ে পড়ে ব্রাজিলের নেইমার এবং আর্জেন্টিনার মেসির ওপর। পর্তুগালের মতো দলেরও একই অবস্থা। পর্তুগাল মানেই রোনালদো। সুতরাং তুলনামূলকভাবে এই বড় দলগুলো ভালো খেলতে পারছে না।

আমিন সরকার
নবাবগঞ্জ, ঢাকা

পাখা ঘুরছে না, বাতি জ্বলছে না

প্রতিদিন নিয়ম করে লোডশেডিং চলছে। হাজার হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কী সুফল বয়ে আনল অন্তত আমি বুঝতে পারছি না। হাজার হাজার কোটি টাকা ব্যয় করে কুইক রেন্টাল বিদ্যুৎকেন্দ্র কার জন্য বিদ্যুৎ

উৎপাদন করছে তাও আমার জানা নেই। এতো টেকনিক্যাল কথা আমি বুঝি না। একজন সাধারণ নাগরিক হিসেবে আমি দেখছি আমার পাখা ঘুরছে না, আমার বাতি জ্বলছে না। এ নিয়ে কথা বলারও সুযোগ নেই। হাজার ইস্যুর ভিড়ে এ ইস্যু হারিয়েই গেছে।
মিল্লাত আহমেদ
মালিবাগ, ঢাকা

চমকের পর চমক

এবারে ফুটবল বিশ্বকাপের এ পর্যন্ত খেলাগুলো দেখে বোঝা গেল, তুলনামূলক ছোট দলগুলো ভালো করছে। সর্বশেষ কোস্টারিকা ইতালির মতো দক্ষ দলকে হারিয়ে ইতিহাস গড়ল। স্পেন ও ইংল্যান্ড তো আগেই বাদ পড়েছে। এর কারণ কী? আমার কাছে মনে হয়েছে বড় দলগুলো ছোট দলগুলোকে আমলে নেয়নি। বড় দলগুলোর এই উন্নাসিকতার প্রতিউত্তর দিচ্ছে ছোট দলগুলো। তারই প্রমাণ এবারের এ পর্যন্ত হয়ে যাওয়া খেলাগুলো। আমার মনে হয় আরো অনেক চমক বাকি আছে।
শাহালম হাওলাদার
চাষাঢ়া, নারায়ণগঞ্জ

সোনা আসা বন্ধ হচ্ছে না

শত শত সোনার বার ধরা পড়ছে। বিমানবন্দরের কাস্টমস কর্মকর্তারা সাংবাদিকদের ডেকে সোনার বারগুলো মেলে ধরে ছবি তুলছেন। যেন বিরাট কিছু করে ফেলেছেন। কিসের সফলতা! চোরাচালান তো থামাতে পারছেন না। ধরতে পারছেন না কারা এই বড় বড় চালানের মাস্টারমাইন্ড। এত সোনা ধরা পড়ছে, কিন্তু একমাসের জন্যও চোরাচালান বন্ধ হচ্ছে না। কেন বন্ধ হচ্ছে না তার কারণ বের করতে না পারা চরম ব্যর্থতা। পত্রিকায় সোনার বারসহ কাস্টমস অফিসারদের ছবি ছাপা হলেই এই ব্যর্থতার দায় ঘুচে যায় না।
আজহার সাফিন
উত্তরা, ঢাকা

আসছে ফোর জি

শুনলাম, এ সরকারের আমলেই আসছে ফোর জি। প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় একথা জানিয়েছেন। কথাটি শুনে ভালো লাগছে। থ্রিজির সুবিধা মানুষ পেতে শুরু করেছে। এবার ফোর জি সত্যিকার অর্থে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশেষ ভূমিকা রাখবে। পাশাপাশি সাধারণ ইন্টারনেট সেবা জেলা ও উপজেলাগুলোতে ব্যাপকভাবে ছড়িয়ে দেয়ার জন্য বিশেষ কর্মসূচি নেয়া প্রয়োজন। না হলে থ্রিজি-ফোর জি কোনো কাজে আসবে না।
সাইমন ফাহমি
মিরপুর, ঢাকা

চট্টগ্রামের জলাবদ্ধতা

কয়েকদিনের বৃষ্টিতে প্রত্যন্ত অঞ্চল ছাড়াও গোটা চট্টগ্রাম শহর প্লাবিত। নগর জীবন স্থবির। ভোগান্তির সীমা নেই। এই নগরের কোনো মেয়র আছে বলে আমাদের মনে হয় না। শিক্ষার্থীরা স্কুল-কলেজে যেতে পারছে না। পানিবন্দি জনজীবন। মানুষ ঠিকমতো অফিস ও ব্যবসা প্রতিষ্ঠানে যেতে পারছে না। পাল্লা দিয়ে বাড়ছে মশার উৎপাত এবং রোগজীবাণুর বিস্তার। এমন অবস্থায় আমরা কার কাছে নিবেদন জানাব? কে আছেন যিনি আমাদের এই জলাবদ্ধতা থেকে উদ্ধার করবেন?
বিপিন মুখোপাধ্যায়
হালিশহর, চট্টগ্রাম

মেসির বিকল্প নেই

ঘুরে-ফিরে সেই মেসি! এই ছেলের জন্য একপাও এগোনো যাচ্ছে না। তার আমাদের মাশরাফির মতো ইনজুরির ব্যারামও নেই। কী যে করি! জার্মানির সমর্থক হিসেবে আমি তো চাইবই আর্জেন্টিনা সামনে যেতে না পারুক। ইরান ভালোই খেলছিল। ৯০ মিনিট অবধি কোনো গোল নেই আর্জেন্টিনার। বাড়তি শেষ ৪ মিনিটে মেসির একটি গোল ইরানের দেখার মতো ডিফেন্সিভ খেলাকে উড়িয়ে দিল। স্বীকার করতেই হবে মেসি মেসিই।
রায়হান খন্দকার
শ্যামপুর, ঢাকা

আমরা পাশে আছি

বাংলাদেশের গর্ব অলরাউন্ডার সাকিব আল হাসানের স্ত্রীর সঙ্গে যে বখাটেরা নিন্দনীয় আচরণ করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া জরুরি। এই ঘটনায় আমরা যারা বাংলাদেশ ও ক্রিকেটকে ভালবাসি তারা মর্মাহত। দুঃখজনক ব্যাপার হলো ঘটনাটি ঘটেছে বাংলাদেশেরই মাটিতে। ঘটনাটি আদালত পর্যন্ত গড়িয়েছে, কিন্তু তারপরও উত্ত্যক্তকারীর কোনো বিচার হয়নি। সাকিব মামলা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। সাকিবকে বলতে চাই, আপনি এগিয়ে যান, আমরা আপনার পাশে আছি।
শামীমা রহমান
ঢাকা বিশ্ববিদ্যালয়

সুষমার সফর প্রসঙ্গে

ভারতের নতুন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বাংলাদেশ সফরে আসছেন। মোদির সরকারের কোনো মন্ত্রী এই প্রথম বাংলাদেশ সফর করছেন। বলা হচ্ছে এটি একটি শুভেচ্ছা সফর। শেখ হাসিনার সঙ্গেও বৈঠক করবেন সুষমা। লক্ষণ ভালোই মনে হচ্ছে। ভারত বাংলাদেশকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে তাতে কোনো সন্দেহ নেই। আশা করি, সীমান্ত সমস্যা থেকে শুরু করে পানি বণ্টনের জটিলতা নিরসনে এই সফর সূচনাপর্ব হিসেবে চিহ্নিত হবে।
রবিউল তালুকদার
বারিধারা, ঢাকা

রাজনীতি থেকে পরিবার

পারিবারিক সহিংসতা বেড়ে যাচ্ছে। পারিবারিক খুনের ঘটনাও কম নয়। বিশেষ করে গৃহবধূ নির্যাতন ও হত্যার ঘটনা আশঙ্কাজনক অবস্থায় পৌঁছে গেছে। সামাজিক স্থিতিশীলতা ব্যাহত হলে পরিবারেও তার প্রভাব পড়ে। আবার জাতীয় রাজনীতির ওপর সমাজের স্থিতিশীলতা নির্ভর করে। সুতরাং আমাদের মূল সমস্যা ওই রাজনীতিতে। পরিবার পর্যন্ত শান্তি পৌঁছতে হলে আগে রাজনীতির গুণগত মান নিশ্চিত করতে হবে।
আলী আকবর
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

তারপরও ভালো আছি

বাংলাদেশ পৃথিবীর অন্যতম দুর্নীতিগ্রস্ত এবং সে কারণেই দরিদ্র একটি দেশ। এ দেশের মানুষ এ দিকে ধর্মান্ধ, অন্যদিকে দলন্ধ– এ দুয়ের সংমিশ্রণে হয়ে উঠেছে পশ্চাৎপদ। দেশের প্রগতি ও উন্নয়নের প্রধান শর্ত হচ্ছে দেশের শিক্ষার হার ও শিক্ষাব্যবস্থার গুণগত মান। অথচ দেশে এখনো মান্ধাতা আমলের শিক্ষাব্যবস্থা প্রচলিত। কোনোরকমে লিখতে-পড়তে পারলেই তাকে শিক্ষিত বলে ধরা হয়। দেশের মোট ছাত্র-ছাত্রীদের তিন ভাগের এক ভাগই মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার আওতায়। এছাড়াও সারাদেশে আছে লাখ লাখ পথশিশু। যারা জানে না ঘর বা স্কুল কাকে বলে। এসব কিছুর মধ্যেই আমরা বেঁচে আছি এবং মনে করছি, ভালোভাবেই বেঁচে আছি!
ফারজানা কবীর স্নিগ্ধা
কোলিন, জার্মানি

নাগরিক সুবিধা কাকে বলে!

জলাবদ্ধতা কি শুধু চট্টগ্রামে? ঢাকার অবস্থা কি সেখানকার চেয়ে ভালো? চট্টগ্রামের তো তাও একজন নগর পিতা রয়েছেন, কিন্তু ঢাকার কোনো অভিভাবক নেই। রাজধানীর বিভিন্ন স্থান নোংরা পানিতে সয়লাব। এলাকায় এলাকায় মানুষ পানিবন্দি। এই ভোগান্তি চলবে পুরো বর্ষাকাল। তার সঙ্গে মড়ার উপর খাঁড়ার ঘা হিসেবে দেখা দিয়েছে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে খোঁড়াখুঁড়ি। সারা বছরই রাস্তায় খোঁড়াখুঁড়ি চলে। কখনো ওয়াসা খোঁড়ে, কখনো খোঁড়ে বিটিসিএল, কখনো খোঁড়ে তিতাস, কখনো এলজিআরডি খোঁড়ে। একই স্থানে অসংখ্যবার খোঁড়া হয়। রাস্তাঘাট কাদাময়, আর গর্তের কারণে যানবাহন যায় উল্টে। নাগরিক সুবিধা বলে যা বোঝায়, আমরা তার কিছুই পাচ্ছি না।
কায়সার আহম্মেদ
শান্তিনগর, ঢাকা

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা
পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০
ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com